

রবিবার জানা যাবে এইচএসসির ফল প্রকাশের তারিখ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৬:৩২, ১৮ নভেম্বর ২০২৩



শিক্ষার্থীদের আনন্দ উদযাপন। ফাইল ফটো

এখন পর্যন্ত এইচএসসি ও সমমান পরীক্ষার তারিখ নির্ধারণ হয়নি। পরীক্ষার ফলাফল ঘোষণা তারিখ আগামীকাল রবিবার জানা যাবে। শনিবার (১৮ নভেম্বর) বিকালে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার জনকঞ্চকে বিষয়টি নিশ্চিত করেছেন।

UNIBOTS

তিনি বলেন, ২৬ নভেম্বর এইচএসসির ফল প্রকাশ করা হবে এমন কোন চিঠি আমরা পাইনি কোন গণমাধ্যমেও এ বিষয়ে আমি বক্তব্য দেইনি। রবিবার শিক্ষা মন্ত্রণালয় থেকে ফলাফল নির্ধারণের তারিখের চিঠি পাওয়া যেতে পারে। তখন বিজ্ঞপ্তি আকারে আমরা তা প্রকাশ করবে।

এর আগে '২৬ নভেম্বর এসএসসির ফল প্রকাশ' শিরোনামে গত শুক্র ও শনিবার দেশের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। শিক্ষা বোর্ড চেয়ারম্যানসহ শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র ব্যবহার করে এসব সংবাদ প্রকাশ করা হয়।

এই বিষয়ে তপন কুমার সরকার বলেন, আমাকে উদ্বৃত্ত করে যে বক্তব্য প্রচার করা হচ্ছে এসব সঠিক নয়। আমি এই ধরনের কোন মন্তব্য করিনি।

এর আগে এইচএসসি ফল প্রকাশে ২৬, ২৭ ও ২৮ নভেম্বর সম্ভাব্য তারিখ নির্ধারণ করে মন্ত্রণালয় চিঠি পাঠিয়েছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। ফল প্রকাশে শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রধানমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে নির্দিষ্ট দিন ধার্য করা হবে।

এখন পর্যন্ত ফল প্রকাশের নির্দিষ্ট তারিখ সম্পর্কে জানে না বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কর্মসূচি।